I-7573

भारतीय गैर न्यायिक

Rs 20000 रु

बीस हज़ार रुपये

RUPEES ২০০০০ रुपये

INDIA NON JUDICIAL

01CC 632950

Admission ... Rule 21 & also u/s 8 / 14 ... 1955 duly stamped ... Stamp Act 1899 Subsequent by ommended Schedule

I. S. No 39

Fee Paid A 4609.00

Addl Dist. Sub-Registrar
Barrackpore, 24 Pgs.(N)
26 AUG 2002

- :: ৪,২০,০০০ ( চার লক্ষ কুড়ি হাজার ) টাকা মূল্যের

স্থাবর সম্পত্তির দানপত্র দলিল :: -

*********************************

মৌজা ও পৌরসভা - পানিহাটী, থানা - খড়দহ, জেলা- উত্তর ২৪ পরগনা ।।

********************************************

দানপত্র গ্রহীতা :: - শ্রী নিতাই ব্যানার্জী ,

***************

পিতা স্বর্গীয় নরেন্দ্র নাথ ব্যানার্জী ,

জাতি - হিন্দু, পেশা - অবসর জীবি ,

সাং - ১৯, কালীকুন্ডু লেন ,

থানা - হাওড়া , জেলা - হাওড়া ।।

******************************

4,20,000/

পাতা - ২

No. 2622
Name Sri Netai Banerjee
Address S/o 19 Kali Kundu Lane Howrah
Howrah
Value of Stamp Rs 20,000/-
Signature of Issuing Clerk Bidyut Kr Kalia 16/8/2002
Date 16.8.2002

Rs. 20,000/-
5000/-
100/-
100/-

Rs 25200/- (Rs Twenty five thousand two hundred only)

10 90 14 (Four)

Presented for Registration at ... AM/PM on the 26th day of Aug 2002 of the Addl District Sub-Registrar Office Barrackpore 24 Parganas North by Sabitri Mukherjee of the Executant/Claimant.

STAMP DELIVERED

Bidyut Kr Kalia 16/8/2002

— সাবিত্রী মুখার্জী —

Addl Dist. Sub-Registrar
Barrackpore, 24 Pgs.(N)

Sabitri Mukherjee
W/o Late Pramatha Nath Mukherjee
of 28 Jravnath Banerjee Rd
PS Ichandah 24 Pgs (N) W/
Netai Banerjee
S/o Lt Narendra nath Banerjee
of 19 Kali Kund Lane
Dt Howrah 711

— সাবিত্রী মুখার্জী — 26 AUG 2002

12541

— Netai Banerjee

12542

Identified By
Sanjay Ku. Roy
Adv.
B.K. Pore Court

Sanjay Kr Roy
Adv.
B. K Pur Court

Addl. Dist. Sub-Registrar
Barrackpore, 24 Pgs.(N)
26 AUG 2002

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.   Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रूपये   FIVE THOUSAND RUPEES

- :: ২ :: -

দানপত্র দাত্রী :: - শ্রীমতী সাবিত্রী মুখার্জী ,
************

স্বামী স্বর্গীয় প্রমথ নাথ মুখার্জী ,

জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী ,

সাং - ১৮ রামনাথ ব্যানার্জী রোড ,

থানা - খড়দহ, জেলা - উত্তর ২৪ পরগনা ।।

**************************************

'অস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত রায়ত স্থিতিবান বাগান জমিযায় যাবতীয় ইজমেন্ট স্বত্ত্ব ও কমন প্যাসেজ ব্যবহারের স্বত্ত্ব সহ সম্পত্তির শর্ত দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে' :: -

পাতা - ৩ .

পাতা - ৩ .

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



জেলা - উত্তর ২৪ পরগণা, ডিস্ট্রিক্ট রেজিস্ট্রী অফিস বারাসাত , সাব - রেজিস্ট্রী অফিস ব্যারাকপুরের এলাকাধীন, থানা - খড়দহ - এর অন্তর্গত ৩১ নং জানকীনাথ ব্যানার্জী রোড হোল্ডিং যুক্ত ৩ নং ওয়ার্ডের অন্তর্গত যাহা রিলিফম্যান সেটেলমেন্টের এলাকা - 'পানিহাটী' গ্রামে, আর:এস: দাগ নং ১২০ - এর অন্তর্গত , ১১০৪ ও ১১০৭ নং খতিয়ান যুক্ত ০৮ শতক বাগান জমি আমার অত্রদানপত্রদাত্রীর স্বামী ও তাহার জ্যেষ্ঠ ভ্রাতা পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ দখলীকার বিদ্যমান ছিলেন ।।

পাতা - ৪

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



আমার স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা বিনয় কৃষ্ণ মুখোপাধ্যায় অবিবাহিত অবস্থাতেই তাহার একমাত্র সহোদর ভ্রাতা অর্থাৎ আমার স্বামী - কে অর্থাৎ প্রথম নাথ মুখোপাধ্যায়কে তাহার সম্পত্তির একমাত্র ওয়ারিশন হিসাবে রাখিয়া পরলোক গমন করেন ।।

তৎতাৎ সম্পত্তি ওয়ারিশন সূত্রে প্রাপ্ত হইয়া আমার স্বামী উক্ত ৩৮ শতক সম্পত্তির ষোল আনা স্বত্ত্বে মালিক হিসাবে বিদ্যমান হন । তৎপর আমার স্বামী অর্থাৎ প্রথম নাথ মুখোপাধ্যায় বিগত ৫।৩।১৯৯৮ তারিখে নিঃসন্তান অবস্থায় আমাকে তাহার একমাত্র ওয়ারিশন হিসাবে ছাড়িয়া পরলোক গমন করিলে আমি অত্রদানপত্র দাত্রী তাহার স্ত্রী হিসাবে উক্ত বর্ণিত সম্পূর্ণ সম্পত্তির একমাত্র ওয়ারিশ হিসাবে তৎতাৎ সম্পত্তিতে

পাতা - ৫।.

পাতা - ৬.

উক্ত স্বত্বে স্বত্ববতী, ভোগবতী, দখলকারিনী হিসাবে বিদ্যমান হইয়া পানিহাটী পৌরসভাতে নিজ নাম পত্তন করিয়া উক্ত বর্ণিত সম্পত্তিতে ভোগদখলীকার হিসাবে বিদ্যমান আছি ।।

এক্ষণে আমার যথেষ্ট বয়স হইয়াছে এবং আমি নিঃসন্তান বলিয়া ও তুমি এই দলিলের গ্রহীতা আমার সম্পর্কে ভাগ্নে হওয়ায় ও তোমার সেবা, শুশ্রূষা ও আমার প্রতি তোমার ভক্তি শ্রদ্ধায় সন্তুষ্ট হইয়া তোমাকে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে এবং তুমি তাহাতে সম্মত হওয়ায় অদ্য তারিখে আমার সম্পত্তি হইতে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিয়া উক্ত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । অদ্য হইতে নিম্নে তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব , লভ্য , হক - হকিয়ৎ , দাবী বা অধিকার ছিল তৎসমুদয় আমার সহ আমার ওয়ারিশ , উত্তরা - ধিকারীগণক্রমে চিরতরে লুপ্ত হইয়া তোমাতে সহ তোমার ওয়ারিশ , উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে বর্তাইল ।।

অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে তুমি দান , বিক্রয় , বিনিময় , বন্ধক ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তর যুক্ত ক্ষমতার অধিকারে অধিকারী হইলে এবং ওয়ারিশ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণ - ক্রমে উক্ত সম্পত্তি যদৃচ্ছামতে পরমসুখে ভোগ দখল করিতে থাকো , ইহাতে আমি বা কেহ কখনও কোনোরূপ ওজর আপত্তি করিতে পারিব না ,

করিলেও তাহা সর্বত্র, সর্বতোভাবে, সর্বাদালতে নামঞ্জুর এবং বাতিল বলিয়া গণ্য হইবেক ।।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে জানিয়াই এই দানপত্রে সহি সম্পাদন করিলাম ।।

বিশেষ উল্লেখ্য এই যে, উক্ত দানকৃত সম্পত্তি দক্ষিণ - পশ্চিম দিকে ৮'- ৬''ইঞ্চি প্রস্থ কমন প্যাসেজের উপর দিয়া যাতায়াত করিবার বা জলের লাইন, টেলিফোনের লাইন, ইলেকট্রিক লাইন (ওভারহেড বা আণ্ডার গ্রাউণ্ড) ইত্যাদি সকল প্রকার কার্য্যাদি করিবার ক্ষমতাপ্রাপ্ত হইলে তুমি অত্র দানপত্র গ্রহীতা এবং উক্ত প্যাসেজের এক পার্শ্বে জল নিষ্কাশনের জন্য ড্রেন প্রস্তুত করিয়া সর্বপ্রকার ইজমেন্ট স্বত্ত্ব সহ (ঐ পথের অন্যান্য ব্যবহার কারীর সহিত সমান ভাবে) তুমি দানপত্র গ্রহীতা ব্যবহার করিতে পারিবে, ইহাতে আমি দায় কেহ কোনোরূপ ওজর আপত্তি করিতে পারিব না, করিলেও তাহা বাতিল ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে ।।

আরও প্রকাশ থাকে যে অদ্য হইতে তুমি দানপত্র গ্রহীতা এই দলিল বলে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে পানিহাটী পৌরসভাতে বা উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুরের নিকট নিজ নাম পত্তন করিয়া ট্যাক্স, খাজনাদি আদায় দিয়া পরমসুখে অন্যের বিনা স্বত্ত্ব সংশ্রবে বংশানুক্রমে ভোগ দখল করিতে থাকো ।।

- :: ৭ :: -

এতদৰ্থে সুস্থ শরীরে, সুস্থমস্তিষ্কে, সরলমনে, অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে নিম্নলিখিত স্বাক্ষীগণের সম্মুখে দলিল - এর সবিশেষ মর্ম পড়িয়া, বুঝিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির শুভ দানপত্র দলিলে তোমার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম ।।

ইতি সন তাং বাংলা - ১৪০৯ সনের ১২ই ভাদ্র . ।।

ইংরাজী - ২০০২ সালের ২৮ শে অগাস্ট ।।

- :: দানকৃত সম্পত্তির তফশিল :: -

****************************

জেলা - উত্তর ২৪ পরগনা, ডিস্ট্রীক্ট রেজিস্ট্রী অফিস বারাসাত, এ্যাডিশন্যাল সাব - রেজিস্ট্রী অফিস ব্যারাকপুর, থানা - খড়দহ, ৩১ নং প্রাননাথ ব্যানার্জী রোডস্থিত, পানীহাটি পৌরসভার ৩ নং ওয়ার্ড ভুক্ত, আর: এস: দাগ নং - ১৯০ (একশত নব্বই) - এর অন্তর্গত, ১৯০৪ ও ১৯০৭ (এক হাজার নয়শত চার ও এক হাজার নয়শত সাত) নং দুই পৃথক খতিয়ান ভুক্ত, ৩৮ শতক 'বাগান' জমির মধ্যে স্থানীয় মাপে ৪ (চার) কাঠা ০ (শূণ্য) ছটাক ০ (শূণ্য) বর্গফুট জমি (কমবেশী) যায় যাবতীয় ইজমেন্ট স্বত্ত্ব সহ ও দক্ষিণ ও পশ্চিম দিকস্থ ৮'-৬'' (সাড়ে - আট ফুট) কমন প্যাসেজের স্বত্ত্ব সহ সম্পত্তি অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে যাহা 'পানিহাটী' মৌজার অন্তর্গত সম্পত্তি হইতেছে ।এবং যাহা পানিহাটী মিউনিসিপ্যালিটির ৩৪ নং হোল্ডিং যুক্ত।

প্রকাশ থাকে যে, উক্ত সম্পত্তি অত্র সহ সংলগ্ন নক্সায় 'লাল' বর্ণের রেখাদ্বারা পরিবেষ্টীত এবং অত্র প্রদত্ত সহীয় নক্সা অত্রদলিলের একাংশ

বলিয়া গণ্য হইবে ।।

- :: দানকৃত সম্পত্তির চৌহদ্দী :: -

উত্তরে :: - দানপত্র দাতার জমি ।।

দক্ষিণে :: - ৮' - ৬''ইঞ্চি প্রশস্থ কমন প্যাসেজ ।।

পূর্ব্বে :: - হরেন মিত্রের বাড়ী ।।

পশ্চিমে:: - ৮' - ৬''ইঞ্চি প্রশস্থ কমন প্যাসেজ ।।

আমি এত দানপত্র গ্রহীতা আপনার দান সানন্দে গ্রহন করিলাম :: -

Nehai Banerjee
********************************
দানপত্র গ্রহীতার স্বাক্ষর :: -

মুসাবিদাকারক :: -

Sanjay Ku. Roy
( শ্রী সঞ্জয় কুমার রায় )
।। এ্যাডভোকেট ।।
- ব্যারাকপুর কোর্ট -

টাইপ কারক :: -
( পার্থ মজুমদার )
ব্যারাকপুর কোর্ট কম্পাউন্ড

সা ক্ষী :: -

১। Animesh Paul
21, Kali Kumar Lane
Howrah-1

২। [illegible]


SITE PLAN OF A LAND AT TRAN NATH BANERJEE ROAD, R.S. DAG NO.- 190; R.S. NO.- 32; KHATIAN NO.- 1904, 1907; TOUZI NO.- 155; J.L. NO.- 10; MOUZA - PANIHATI, WARD NO.- 3; HOLDING NO.- 34; P.S.- KHARDAH; DIST.- 24 PGS (N); UNDER - PANIHATI MUNICIPALITY.

SCALE - 1" = 20'0"

AREA OF LAND - 4 K - 0 CH - 0 SFT (M/L) (SHOWN IN RED)

DONOR - SMT. SABITRI MUKHERJEE

DONEE - SRI. NETAI BANERJEE




সাবিত্রী মুখার্জি

SIG OF DONOR

DIPANKAR BISWAS

DRAWN BY